



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপ পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
cdb.rangpurdiv.gov.bd

কৃষিই সমৃদ্ধি

তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের ২০২৩-২৪ মৌসুমের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন (NIS) কমিটির ৩য়
ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি মোঃ আবু ইলিয়াস মিঞা
উপপরিচালক
সভার তারিখ ১২ মার্চ ২০২৪ খ্রিঃ
সভার সময় সকাল ১০.০০ ঘটিকা
স্থান তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুর
উপস্থিতি পরিশিষ্ট-ক

বিগত ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখে তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরে সকাল ১০.০০ ঘটিকায় ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন (NIS) কমিটির ৩য় ত্রৈমাসিক সভা উপপরিচালক মহোদয়, রংপুর অঞ্চলের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
০১	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	অত্র কার্যালয়ে যোগদানকৃত নতুন অফিসারদের হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে সংযুক্তিকরণ সহ সকল তথ্যাদি আপডেট রাখার বিষয়ে সভায় উপস্থিত সকলে আলোকপাত করেন।	নতুন অফিসারদের হালনাগাদকৃত তথ্য দ্রুত ওয়েবসাইটে সংযুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। স্টোর কাম ফিল্ডম্যানকে এ দায়িত্ব প্রদান করা হলো।
০২	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের চলতি অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে আগামী ২০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে সিটিজেন চার্টার হালনাগাদকরণ করতঃ তা সদর দপ্তরে অগ্রায়নের বিষয়ে আলোকপাত করা হয়।	এ দপ্তরের কীটপতঙ্গ বিশেষজ্ঞ কে তথ্য প্রদানকারী কর্মকর্তা হিসাবে সংযুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
০৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	২০২৩-২৪ মৌসুমে বাস্তবায়নাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ ক্রমিকে ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের নিমিত্ত ১০ জন অফিস স্টাফকে অফিস ব্যবস্থাপনা ও কর্মপদ্ধতি সহ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রয়োজনীয় প্রস্তুতি ও করণীয় বিষয়ে ইন হাউজ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	এ অঞ্চলের আওতাধীন ১০ জন অফিস স্টাফকে আগামী ২০ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখে আঞ্চলিক কার্যালয়, রংপুরে প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.২ ক্রমিক অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের(Stake Holders) অংশগ্রহণে সভাটি এ অঞ্চলের আওতাধীন রংপুর জোনের আওতাধীন একটি ইউনিট কার্যালয়ে সম্পন্ন করার বিষয়ে আলোকপাত করা হয়।	আগামী ১৯ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখে সভাটি রংপুর জোনের পীরগঞ্জ ইউনিটে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৮-০৩-২০২৪

মোঃ আবু ইলিয়াস মিঞা
উপপরিচালক

নম্বর: ১২.০৭.৫৫৮৫.৪০০.১৬.০০২.১৯.১১৫

৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
- ২। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড- রংপুর/ঠাকুরগাঁও/বগুড়া/রাজশাহী জোন। এবং
- ৩। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



সকল সংযুক্তিসমূহ:

- (১) উপস্থিতি

১৮-০৩-২০২৪

এস. এম. জাকারিয়া

স্টোর কাম ফিল্ডম্যান (বুটিন দায়িত্ব)